

১৩৬

পালং আদর্শ উচ্চ বিদ্যালয়

মেরামতের আবেদন

উখিয়া উপজেলাধীন রত্না-পালং ইউনিয়নে ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত পালং আদর্শ উচ্চ বিদ্যালয় একটি ছোট টিলার ওপর অবস্থিত।

এই বিদ্যালয়ের ছাত্রী মিলনায়তন ও মূল ভবনের অন্যান্য অংশে ফাটল ধরায় তা ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। বিভিন্ন পত্র-পত্রিকায় এ সম্পর্কে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। ছাত্র-ছাত্রীরাও যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছে। এসবের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী কর্মকর্তার নির্দেশে উপজেলা প্রকৌশলী সরঞ্জামে তদন্ত করেন। তদন্তের রিপোর্টে বলা হয়েছে যে, বিদ্যালয় ভবন তথা ছাত্রী মিলনায়তন ব্যবহারকালীন সময়ে ছাদ অথবা দেয়াল ধসে প্রাণহানির সম্ভাবনা রয়েছে। এই তদন্ত রিপোর্ট দাখিলের পর নির্বাহী অফিসার স্মারক নং ২-৬৯/উঃ/৮৭/৬০ ওং ১০-৮-৮৭ মোতায়েক ছাত্রী মিলনায়তন কক্ষটি ব্যবহার নিষিদ্ধ করার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়।

এর ফলে ছাত্রীদের কখনো বিদ্যালয়ের বাসনায় কখনো গাছতলায় বিদ্যালয় চলাকালীন সময় অতিবাহিত করতে হয়। তাছাড়া ছাত্রীরা প্রাণের ঝুঁকি নিয়ে ক্লাস করেছে। এই স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৪০০।

এরূপ অবস্থায় অভিভাবকগণ তাদের ছেলেমেয়েদের এই বিদ্যালয়ে পাঠাতে রাজী হচ্চেন না। বিশেষভাবে ছাত্রীদের স্কুলে পাঠাতে চাচ্ছেন না। ফলে স্কুলের ছাত্রছাত্রীর সংখ্যা কমে যাচ্ছে।

এরূপ অবস্থায় অনতিবিলম্বে বিদ্যালয়টি উপযুক্ত মেরামত করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাই।

প্রধান শিক্ষক,

পালং আদর্শ উচ্চ বিদ্যালয়,
রত্নাপালং, উখিয়া, কক্সবাজার।